সেবা পেতে

মাস্ক পরুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.chapainawabganj.gov.bd

নম্বর: ০৫.৪৩.৭০০০.০০০.০৯.০০৫.২১.১৯৯৬

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৮
২১ নভেম্বর ২০২১

## আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের গণবিজ্ঞপ্তি

চাঁপাইনবাবগঞ্জ জেলা ম্যাজিস্ট্রেসির আওতাধীন সকল বৈধ আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক নির্ধারিত স্থানে ২০২২ সালের জন্য আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করা হবে। যথাসময়ে উপস্থিত হয়ে স্ব-স্ব আগ্নেয়াস্ত্র প্রদর্শন সাপেক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক অধিশাখা-৪ এর ০৩ আগস্ট ২০১৬ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫.৮২৬ নং স্মারকে জারিকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ মোতাবেক নির্ধারিত নবায়ন ফি জমা প্রদানের মাধ্যমে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

<u>একনলা/দোনলা বন্দুক/শটগান</u>

| ক্র.নং | জেলা/উপজেলা | নবায়নের তারিখ | সময় | স্থান | নবায়নকারী বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নাম |
|---|---|---|---|---|---|
| ০১. | চাঁপাইনবাবগঞ্জ সদর | ০৬.১২.২০২১ খ্রি. | সকাল ১০.০০টা হতে বিকেল ৫.০০টা পর্যন্ত | জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ (জুডিসিয়াল মুন্সিখানা) | জনাব মোঃ আনিসুর রহমান সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ |
| ০২. | শিবগঞ্জ | ০৭.১২.২০২১ খ্রি. | সকাল ১০.০০টা হতে বিকেল ৪.০০টা পর্যন্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ | জনাব রওশনা জাহান সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ |
| ০৩. | নাচোল | ১৩.১২.২০২১ খ্রি. | সকাল ১০.০০টা হতে বিকেল ৩.০০টা পর্যন্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাচোল | জনাব মোঃ আশিকুর রহমান সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ |
| ০৪. | গোমস্তাপুর | ১৫.১২.২০২১ খ্রি. | সকাল ১০.০০টা হতে দুপুর ৪.০০টা পর্যন্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোমস্তাপুর | জনাব এস.এম আশিস মোমতাজ সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ |
| ০৫. | ভোলাহাট | | | | |

<u>এনপিবি পিস্তল/রিভলবার ও .২২ রাইফেল</u>

| ক্র.নং | জেলা/উপজেলা | নবায়নের তারিখ | সময় | স্থান | নবায়নকারী বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নাম |
|---|---|---|---|---|---|
| ০১. | চাঁপাইনবাবগঞ্জ জেলার সকল উপজেলা | ১৯.১২.২০২১ খ্রি. | সকাল ১০.০০টা হতে বিকেল ৫.০০টা পর্যন্ত | জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ (জুডিসিয়াল মুন্সিখানা) | জনাব মোঃ আনিসুর রহমান সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ |

<u>আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নের শর্তাবলী</u>

০১। আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর নবায়ন ফি সংক্রান্ত (৩০.ক.১) (৩০.ক.২) (৩০.ক.৩) (৩০.ক.৪) (৩০.ক.৫) অনুচ্ছেদ অনুযায়ী নিম্নোক্তভাবে প্রতি আগ্নেয়াস্ত্রের জন্য লাইসেন্স নবায়ন ফি নির্ধারিত হবেঃ

| ধারা | ধরণ | অস্ত্রের বিবরণ | লাইসেন্স নবায়ন ফি | ১৫% ভ্যাট |
|---|---|---|---|---|
| (৩০.ক.১) | ব্যক্তি পর্যায়ে | পিস্তল/রিভলবার | ১০,০০০/-(দশ হাজার) টাকা | ১,৫০০/- |
| | | বন্দুক/শটগান/রাইফেল | ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা | ৭৫০/- |
| (৩০.ক.২) | আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে | লং ব্যারেল | ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা | ৭৫০/- |
| (৩০.ক.৩) | প্রতিষ্ঠান পর্যায়ে | লং ব্যারেল | ১০,০০০/-(দশ হাজার) টাকা | ১,৫০০/- |
| (৩০.ক.৪) | ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান | - | ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা | ৭৫০/- |
| (৩০.ক.৫) | সেফ কিপিং | - | ৩,০০০/-(তিন হাজার) টাকা | ৪৫০/- |

০২।করমুক্ত লাইসেন্সধারীগণ ব্যতীত অন্যান্য আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণকে নির্ধারিত **নবায়ন ফি বাবদ কোড নং-১-২২১১-০০০০-১৮৫৯** খাতে এবং নবায়ন ফি এর উপর **১৫% হারে ভ্যাট কর্তন বাবদ কোড নং-১-১১৩৩-০০২০-০৩১১** নং খাতে ট্রেজারি চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লি. চাঁপাইনবাবগঞ্জ এর যে কোন শাখায় জমা প্রদানপূর্বক চালানের মূলকপি দাখিল করতে হবে।

০৩। কর্মরত/অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তাদের ক্ষেত্রে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ অনুযায়ী লাইসেন্স নবায়ন ফি এর বিষয়ে ব্যবস্থা গৃহীত হবে(প্রমাণ দাখিল সাপেক্ষে)।

০৪। সনদপ্রাপ্ত (সরকারি গেজেটে বিজ্ঞাপিত) মুক্তিযোদ্ধা, রাষ্ট্রীয় সাংবিধানিক পদে কর্মরত ব্যক্তিবর্গ ও প্রথম শ্রেণীর স্থায়ী সরকারি (চাকুরিরত ও অবসরপ্রাপ্ত) কর্মকর্তাদের ক্ষেত্রে (পিস্তল/রিভলবার/শটগান/রাইফেল) আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন ফি এর বিষয়ে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ অনুযায়ী ব্যবস্থা গৃহীত হবে(প্রমাণপত্র দাখিল সাপেক্ষে)।

০৫। আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর ৩১.(ছ) অনুচ্ছেদ অনুযায়ী প্রতিবার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে লাইসেন্সধারীর সাক্ষাৎকার গ্রহণ করে অস্ত্র ব্যবহারে শারীরিক ও মানসিক সক্ষমতা নিশ্চিত হয়ে লাইসেন্স নবায়ন করা হবে। এছাড়া লাইসেন্সধারী ৮০ বছরের উর্ধ্বে হলে লাইসেন্স নবায়নযোগ্য হবে না (বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ/এসএসসি পাস সনদ/পাসপোর্ট এগুলো যেকোন একটির কপি সাথে নিয়ে আসতে হবে)।

০৬। লাইসেন্স নবায়নের সময় লাইসেন্সধারী ব্যক্তিকে স্ব-স্ব আগ্নেয়াস্ত্র এবং গুলি/কার্তুজ প্রদর্শন করতে হবে। অস্ত্র থানায় জমা থাকলে জমা দেয়ার হালনাগাদ প্রমাণপত্র প্রদর্শন করতে হবে।

০৭। আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর ৩৫.(ক) নং অনুচ্ছেদ অনুযায়ী আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রাপ্তির ০৫ (পাঁচ) বছরের মধ্যে অস্ত্র ক্রয় না করলে লাইসেন্সটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে নবায়ন করা হবে না।

০৮। আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর ৩১.(চ) নং অনুচ্ছেদ অনুযায়ী চাঁপাইনবাবগঞ্জ জেলা ম্যাজিস্ট্রেট ব্যতীত অন্য জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (ডিলিং/রিপিয়ারিং/সেফ কিপিং লাইসেন্স ব্যতিত) এ জেলা ম্যাজিস্ট্রেসিতে নবায়নের ক্ষেত্রে জেলা ম্যাজিস্ট্রেট বরাবরে লিখিতভাবে সন্তোষজন কারণ ব্যাখ্যা করে আবেদন জানাতে হবে।

০৯। যে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী উপরে বর্ণিত তারিখে তাঁদের লাইসেন্স নবায়ন করতে ব্যর্থ হবেন, তাঁরা আগামী ৩১.১২.২০২১ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয় (জুডিসিয়াল মুন্সিখানা শাখা), চাঁপাইনবাবগঞ্জ হতে নবায়ন করতে পারবেন।

২১-১১-২০২১

মোঃ মঞ্জুরুল হাফিজ
জেলা ম্যাজিস্ট্রেট
ফোন: ০২৫৮৮৮৯৩৩০০(অফিস)
ইমেইল:
dcchapainawabganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৩.৭০০০.০০০.০৯.০০৫.২১.১৯৯৬/১(১৪২) তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৮
২১ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৩) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)

৪) পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ

৫) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/(রাজস্ব)/(শিক্ষা)/(আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ

৬) উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল) চাঁপাইনবাবগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)

৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ে নোটশ বোর্ডে প্রদর্শন ও বহুল প্রচারের অনুরোধসহ)

৮) সহকারী কমিশনার, জুডিশিয়াল মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ

৯) মেয়র, পৌরসভা (সকল), চাঁপাইনবাবগঞ্জ(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)

১০) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ (ম্যাজিস্ট্রেটের যাতায়াতের জন্য গাড়ি সরবরাহের অনুরোধসহ)

১১) ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (এলএও), ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ

১২) সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ

১৩) প্রোগামার জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ (জেলা প্রশাসনের ওয়েব সাইটে আপলোড দেয়ার অনুরোধসহ)

১৪) জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

১৫) ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

১৬) ম্যানেজার, সোনালী/রুপালি/অগ্রণী/জনতা/সাউথ ইস্ট/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক লিমিটেড, চাঁপাইনাববগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ (তার আওতাধীন সংশ্লিষ্ট ব্যাংক শাখাকে অবহিত করার অনুরোধসহ)

১৭) জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ(মাইক দ্বারা বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)

১৮) অফিসার ইনচার্জ, সদর মডেল/শিবগঞ্জ/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট থানা, চাঁপাইনবাবগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)

১৯) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চাঁপাইনবাবগঞ্জ (স্ব-স্ব এলাকার হাটে বাজারে বিজ্ঞপ্তিটি মাইক দ্বারা বহুল প্রচারের অনুরোধসহ)

২০) সভাপতি, জেলা প্রেসক্লাব/চাঁপাইনবাবগঞ্জ প্রেসক্লাব, চাঁপাইনবাবগঞ্জ(অফিসের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)

২১) স্বত্তাধিকারী, মেসার্স ইকো চ্যানেল নেটওয়ার্ক, চাঁপাইনবাবগঞ্জ। বিজ্ঞপ্তটি কেবল নেটওয়ার্কের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

২১-১১-২০২১
মোঃ মঞ্জুরুল হাফিজ
জেলা ম্যাজিস্ট্রেট